

গণপ্রজাতন্ত্রী বাংলাদশ সরকার  
হিসাব মহা নিয়ন্ত্রক এবং কার্যালয়  
সচিবালয় ভবন, ঢয় ফেজ  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

স্মারক নং- সিজিএ/পদ্ধতি-১/উৎ নিঃ/শিক্ষা/২৮৩/

তারিখ :- /০৬/২০১১ খ্রি:

বরাবর,

ডিভিশনাল কন্ট্রোলার অব একটেস,  
চট্টগ্রাম বিভাগ,  
প্রবর্তক মোড়, চট্টগ্রাম।

**বিষয় :- সরকারী উচ্চ বিদ্যালয় সমূহে নিয়োগ প্রাপ্ত প্রশিক্ষন বিহীন ও প্রশিক্ষন প্রাপ্ত সহকারী শিক্ষক/শিক্ষিকাদের নিয়োগকালে  
শিক্ষাগত যোগ্যতার জন্য অগ্রিম ইনক্রিমেন্ট প্রদান ও বেতন ক্ষেত্রে প্রদান প্রসংগে।**

সূত্র ১। নং ডিসিএ/চট্ট/২৫৬ তারিখ :- ২০/০১/২০০৩ খ্রি:

২। নং সিজিএ/পদ্ধতি (উৎ নিঃ)/২২৩/১৫২ তারিখ :- ২৬/০৫/০৩ খ্রি:

৩। নং সিজিএ/পদ্ধতি (উৎ নিঃ) ২৮৩/৩৮২ তারিখ :- ০৯/০৯/২০০৩ খ্রি:

৪। নং সিজিএ/পদ্ধতি (উৎ নিঃ) ২৮৩/৪০২ তারিখ :- ৩০/০৯/২০০৩ খ্রি:

৫। নং ডিসিএ/চট্টগ্রাম/৪/বেতন নির্ধারণ/৫৩/২২১৬ তারিখ :- ০৯/১২/০৭ খ্রি:

৬। নং সিজিএ/পদ্ধতি-১/উৎ নিঃ/২৮৩/২১৪ তারিখ :- ১২/০২/২০০৮ খ্রি:

৭। নং ডিসিএ/চট্ট/বিধি ও পদ্ধতি/নোয়া/খন্দ-৩/৪০/৩৮০১ তারিখ :- ২৩/১২/২০১০ খ্রি:

৮। নং সিজিএ/পদ্ধতি-১/২২৩(খন্দ-১)(ক)/৭৩৪ তারিখ:- ১৬/০৫/২০১১ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে সূত্রসহ পত্র সমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত বিষয়ে ১ নং সূত্রসহ পত্রের মাধ্যমে নিম্ন বর্ণিত ৪টি বিষয়ে মতামত সহ সিদ্ধান্ত চাওয়া হয়ঃ-

(১) প্রশিক্ষন বিহীন এবং প্রশিক্ষন প্রাপ্ত সহকারী শিক্ষকগণ উভয়ই ২৩০০-৪৪৮০/- ক্ষেত্রে পাবেন কিনা?

(২) নিয়োগ বিধি শর্ত অনুযায়ী ৫ বৎসরের মধ্যে বি.এড ২য় শ্রেণী অর্জন না করলে চাকুরী বা ক্ষেত্রের অবস্থা কি হবে?

(৩) প্রশিক্ষন বিহীন সহকারী শিক্ষকগণ প্রশিক্ষন গ্রহণ করলে প্রশিক্ষন প্রাপ্ত হওয়ার পর কোন তারিখ হতে অগ্রিম ইনক্রিমেন্টের সুবিধা প্রাপ্ত হবেন।

(৪) প্রশিক্ষন বিহীন শিক্ষকগণ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকলে তার জন্য অগ্রিম ইনক্রিমেন্ট পাবেন কিনা?


০৩। ওনং সূত্রসহ পত্রের মাধ্যমে ১ ও ২ নং ক্রমিকের বর্ণিত চাহিদাকৃত সিদ্ধান্ত ব্যতীত ৩ ও ৪নং মতামতের সাথে একমত পোষন করে সিদ্ধান্ত প্রদান করা হয় অর্থাৎ তৎকালিন পূর্ব পাকিস্তান সরকারের শিক্ষা বিভাগের ১৭/০৭/৭০ খ্রি: তারিখের স্মারক অনুযায়ী অগ্রিম ইনক্রিমেন্ট প্রদানের সুবিধা, প্রশিক্ষনসহ যোগ্যতা থাকলে সাধারণ ভাবে নিয়োগ কালিন সময়ই পাবে। প্রশিক্ষন বিহীন শিক্ষকগণ অনুমতি ক্রমে যে তারিখে যোগ্যতা অর্জন করবে সেই তারিখ হতে অগ্রিম ইনক্রিমেন্ট এর সুবিধা প্রাপ্য হবে। উক্ত স্মারকে প্রশিক্ষন বিহীন শিক্ষকদের স্নাতকোত্তর ডিগ্রীর জন্য অগ্রিম ইনক্রিমেন্ট এর কোন বিধান না রাখায় প্রশিক্ষন বিহীন শিক্ষকগণ স্নাতকোত্তর ডিগ্রীর জন্য নিয়োগ কালে অগ্রিম ইনক্রিমেন্ট প্রাপ্য নহে। এক্ষেত্রে তাঁরা যে তারিখে প্রশিক্ষন গ্রহণ করবেন সে তারিখ হতে অগ্রিম ইনক্রিমেন্ট এর সুবিধা প্রাপ্য হবেন। বাকী সিদ্ধান্ত গুলির বিষয়ে শিক্ষা মন্ত্রনালয়ে পত্র লিখা

হয়েছে (২ নং সূত্রস্থ পত্রের মাধ্যমে) মর্মে জানানো হয়েছিল (সংলগ্নী- ১ ও ২)। বর্ণিত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় হতে জবাব না পাওয়ায় ৪ নং সূত্রস্থ পত্রের মাধ্যমে তাগিদপত্র দেয়া হয় (সংলগ্নী-৩)।

৪/ ৫ নং ও ৭নং সূত্রস্থ পত্রের মাধ্যমে পুনরায় বর্ণিত বিষয়ে মতামত চাওয়া হলে আবারও শিক্ষা মন্ত্রণালয়ে ৬ নং ও ৮ নং এই  
পত্রের মাধ্যমে (সংলগ্নী-৪ ও ৫) তাগিদ পত্র জারী করা হয় যা অদ্যাবধি পাওয়া যায় নি।

০৫। বর্ণিত অবস্থায় শিক্ষা মন্ত্রণালয় হতে দীর্ঘ সময়েও উপরোক্ত বিষয়ে সিদ্ধান্ত না পাওয়া সাময়িক ভাবে ১নং সূত্রস্থ পত্রের  
ক্রমিক নং ১ ও ২ এর বিষয়ে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত আদিষ্ট হয়ে প্রদান করা হলো। তবে শিক্ষা মন্ত্রণালয় হতে উক্ত বিষয়ে সিদ্ধান্ত  
পাওয়া গেলে পরবর্তী কার্যক্রম গৃহীত হবে।

- (১) যেহেতু ১৯৯১ সালের নিয়োগ বিধি অনুযায়ী সরকারী হাই স্কুলের সহকারী শিক্ষক/শিক্ষিকা নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত  
যোগ্যতা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রী সহ দ্বিতীয় শ্রেণী প্রশিক্ষন অথবা সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণী স্নাতকোত্তর ডিগ্রী (৫  
বৎসরের মধ্যে প্রশিক্ষন গ্রহনের শর্তে) রাখা হয়েছে সেহেতু ১ম যোগদানের তারিখ হতে প্রশিক্ষন বিহীন সহকারী  
শিক্ষক/শিক্ষিকাগন ২৩০০-৮৮৮০/- টাকার ক্ষেত্রে প্রাপ্য হবেন।
- (২) প্রশিক্ষন বিহীন সহকারী শিক্ষক/শিক্ষিকাগন ৫ বৎসরের মধ্যে প্রশিক্ষন গ্রহণে ব্যর্থ হলে তাঁরা ৫ বৎসরের পর বার্ষিক  
বর্দ্ধিত বেতনের সুবিধা প্রাপ্য হবেন না।



(পরিত্রেক্ষণ রায়)

উপ হিসাব মহা নিয়ন্ত্রক (পদ্ধতি)


ফোন :- ৯৩৫৬৫০১।

স্মারক নং- সিজিএ/পদ্ধতি-১/উঃ নিঃ/শিক্ষা/২৮৩ / ৭৫৩(২)

তারিখ :- ৩০/৬/২০১১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হল :-

- ০১। সিএও শিক্ষা মন্ত্রণালয় ৪৫ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ০২। ডিসিএ সকল (আপনার অধীনস্থ সকল ডিএও ও ইউএও কে পৃষ্ঠাংকন করার জন্য অনুরোধ করা হল)
- ০৩। উপ হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন) সিজিএ কার্যালয়  
(আপনার ১৪/০৩/২০১১ তারিখের ৩৫২ নং পত্রের বরাতে)
- ০৪। অফিস কপি (গার্ড ফাইল)। ✓



(পরিত্রেক্ষণ রায়)

উপ হিসাব মহা নিয়ন্ত্রক (পদ্ধতি)

ফোন :- ৯৩৫৬৫০১।